# অতি গুরুত্বপূর্ণ কতিপয় প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্নসমূহ এবং তার উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

একবিংশতম প্রশ্ন: সিরাতুল মুস্তাকীম কী? এর বৈশিষ্ট্য কী কী?

উত্তর: সিরাতুল মুস্তাকীম হলো ইলমে নাফে‘ তথা উপকারী ইলম ও সৎ আমল। আর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কুরআন ও হাদীসে যে ইলম এসেছে তা-ই ইলমে নাফে‘ তথা উপকারী ইলম। আর সৎ আমল হলো সহীহ আক্বীদা, ফরয ও নফল আদায়, নিষিদ্ধ কাজ থেকে বিরত থাকা, অর্থাৎ আল্লাহর হক ও বান্দার হক আদায়ের মাধ্যমে আল্লাহর সন্তুষ্ট অর্জন করা। আর পরিপূর্ণ ইখলাস ও রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণ ব্যতীত আল্লাহর সন্তুষ্টি অর্জন করা সম্ভবপর হয় না। এ দু’টি মূলনীতির (ইখলাস ও রাসূলের অনুসরণ) উপরই দীনের সমস্ত কাজ পরিচালিত হয়। অতএব, যার ইখলাস চলে যাবে সে শির্কে পতিত হবে আর যার রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণ থাকবে না সে বিদ‘আতে পতিত হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10518

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন